# সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি

## পাটকেলঘাটা, সাতক্ষীরা।

**ISO 9001:2015 Certified**

# প্যাকেজিং কাঠের নিলাম বিজ্ঞপ্তি

দরপত্র বিজ্ঞপ্তি নং : ২৭.১২.[illegible].০১.০০৮.২৫-৬১ ৫৮; তাং- ১৩/০৭/২০২৫ খ্রিঃ

জারির তারিখ : ১৩/০৭/২০২৫ খ্রিঃ

দরপত্র প্যাকেজ নং : ২৫-২৬-১৫-০৩-০১

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি
প্রধানকার্যালয়ঃ পাটকেলঘাটা, সাতক্ষীরা
ISO 9001:2015 Certified

দুরালাপনী
সিনিয়র জেনারেলম্যানেজার : ০১৭৬৯-৪০০০৭২
অফিস/অভিযোগকেন্দ্র : ০১৭৬৯-৪০১৮১০
Web site : pbs.satkhira.gov.bd
E-mail :satkhirapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৮৭১৩.৫৬৫.০১.০০৮.২৫- ৩১৫৬ তাং-১৩/০৭/২০২৫ খ্রিঃ।

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির নির্মাণ ষ্টোরে রক্ষিত অনুমোদিত বিক্রয়যোগ্য প্যাকেজিং কাঠ(যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের জন্য বাংলাদেশী প্রকৃত ক্রয়কারী/ব্যবসায়ী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে। যথাঃ

| ক্রনং | মালামালের বিবরণ | একক | পরিমাণ | উদ্ধৃত মূল্য | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | একক মূল্য(৫) | | মোট মূল্য ৬= ৪×৫ |
| | | | | অংকে | কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | | | |
| ১ | প্যাকেজিং কাঠ | কেজি | ৩০০০ | | | |

শর্তাবলী

০১। আগ্রহী দরদাতাগণ আগামী ১৭/০৭/২০২৫ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকার মধ্যে নিলাম দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে দরপত্র আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে ক) সিনিয়র জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেলঘাটা, সাতক্ষীরা এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

০২। দরপত্রের সাথে সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোনো তফসিলি ব্যাংক থেকে উদ্ধৃত নিলাম দরের কমপক্ষে ২৫% (শতকরা পঁচিশ ভাগ) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। নির্ধারিত আর্নেষ্ট মানি ছাড়া দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। খামের উপর "প্যাকেজিং কাঠের" নিলাম দরপত্র কথাটি স্পষ্টাকারে লিখতে হবে। অসম্পূর্ন দরপত্র বাতিল বলে গন্য হবে।

০৪। অফিস চলাকালীন সময়ে মালামাল সমূহ সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির নির্মাণ স্টোরে পরিদর্শন করা যাবে।

০৫। প্যাকেজিং কাঠের নিলাম দরপত্র গ্রহণের সময় অফিসের কোন দ্রব্যাদি ক্ষতি হলে ক্ষতি পূরন দিতে হবে এবং কোন লেবার ক্ষতিগ্রস্থ হলে সে ক্ষেত্রে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

০৬। কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) টাকা নগদ অত্র পবিস এর ক্যাশ শাখায় পরিশোধ করে মালামাল সমূহ গ্রহণ/বুঝে নিতে হবে। অন্যথায় দরপত্রের সাথে প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করা হবে।

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি স্থাপিত-১৯৮১

০৭। কার্যাদেশ প্রাপ্ত নিলাম দরদাতাকে সরকারী নিয়ম অনুসারে মোট মূল্যের উপর ১৫ %ভ্যাট ও ১০% ট্যা: পরিশোধ করতে হবে।

০৮। উল্লেখিত শর্তাবলী ব্যতীত অপরাপর কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হইলে সেই ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গন্য হবে।

০৯। কোনরূপ কারন দর্শানো ব্যতিরেকে নিলাম দরপত্র গ্রহন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(মোঃ জুলফিকার রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধ সহ

০১। পরিচালক, পবিস মঃ ব্যঃ ও পঃ (পঃ অঃ), বাপবিবো, ঢাকা।
০২। জেলা প্রশাসক/পুলিশ সুপার, সাতক্ষীরা ।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........................পবিস-১/২/৩।
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, সাতক্ষীরা ।
০৬। নির্বাহী প্রকৌশলী, (এলজিইডি/ সড়ক ও জনপথ বিভাগ), সাতক্ষীরা ।
০৭। ডিজিএম, সকল জোনাল অফিস, সাতক্ষীরা পবিস।
০৮। এজিএম (অর্থ-হিসাব),সাতক্ষীরা পবিস।
০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, খুলনা (নির্ধারিত সময়ে দরপত্র মূল্যায়নের জন্য উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো) ।
১০। এজিএম (আইটি-ইএন্ডআই),সাতক্ষীরা (পবিস ও বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১১। নোটিশ বোর্ড
১২। অফিসকপি/মাষ্টারকপি।

(মোঃ জুলফিকার রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

# দরদাতার প্রতি নির্দেশাবলী

১। **দরপত্র দলিল**

বিক্রয়তব্য মালামাল , দরপত্র পদ্ধতি এবং চুক্তির শর্তাবলী এই দরপত্র দলিলে বর্ণনা করা হইয়াছে। দরপত্র বিজ্ঞপ্তি ছাড়াও এই দরপত্র দলিলের অন্তর্ভূক্ত হইবে নিম্নোক্ত অংশগুলি ঃ

(ক) দরদাতার প্রতি নির্দেশাবলী

(খ) দরপত্র ফরম

(গ) বিক্রয়তব্য মালামালের স্পেসিফিকেশন

(ঘ) মালামালের মূল্য তালিকা

(ঙ) নিলামতব্য মালামাল গ্রহণের সময়সীমা তালিকা

(চ) দরপত্র দলিল ক্রয়ের রশিদ

২। **দরপত্র দলিল স্পষ্টায়ন**

নিলাম দরপত্র দলিলের কোন বিধান সম্ভাব্য দরদাতাদের কাছে অস্পষ্ট প্রতীয়মান হলে তা স্পষ্টায়নের জন্য বিক্রেতার ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানানো যাইতে পারে। তবে ঐ অনুরোধ অবশ্যই দরপত্র দাখিলের সর্বশেষ তারিখের কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে বিক্রেতার নিকট পৌছাইতে হইবে। বিক্রেতা লিখিতভাবে সম্ভাব্য দরদাতার অনুরোধ অনুযায়ী সংশ্লিষ্ট বিষয় স্পষ্টায়ন করিবেন।

৩। **দরপত্র দলিলের সংশোধন**

নিলাম দরপত্র দাখিলের সর্বশেষ সময়ের পূর্বে যে কোন সময় বিক্রেতা তার নিজ উদ্যোগে অথবা সম্ভাব্য দরদাতার অনুরোধে দরপত্র দলিলের যে কোন বিধান সংশোধন করিতে পারিবেন। তবে যে সকল সম্ভাব্য দরদাতা ঐ সময়ে দরপত্র দলিল সংগ্রহ করিয়াছেন তাঁহাদেরকে লিখিতভাবে উক্ত সংশোধন জানানো হইবে এবং তাহা অনুসরণ করা দরদাতাদের জন্য বাধ্যতামূলক হইবে।

# দরপত্র তৈরী

৪। **যে সকল দলিল দ্বারা দরপত্র তৈরী হইবে**

নিলাম দরদাতা কর্তৃক দাখিলতব্য দরপত্র অবশ্যই নিম্নোক্ত দলিলসমূহ লইয়া তৈরী হইবে ঃ

(ক) পূরণকৃত নিলাম দরপত্র ফরম (পরিশিষ্ট "ক"), মালামালের স্পেসিফিকেশন (পরিশিষ্ট "খ") ও মূল্য তালিকা (পরিশিষ্ট "গ")

(খ) পূরণকৃত নিলামতব্য মালামাল গ্রহণের সময়সীমা তালিকা (পরিশিষ্ট "ঘ"),

(গ) বিজ্ঞপ্তিতে উল্লেখিত কাজের অভিজ্ঞতার (যদি থাকে) সত্যায়িত সনদ পত্র।

৫। **দরপত্র জামানত**

প্রতিটি দরপত্রের সহিত দরদাতাকে মোট উদ্ধৃত দরের সর্বনিম্ন ২৫% (পঁচিশ শতাংশ) হারে টাকা নিলাম দরপত্র জামানত হিসাবে দাখিল করিতে হইবে। উক্ত নিলাম দরপত্র জামানত বাংলাদেশী যে কোন তফসীলি ব্যাংক হইতে মুন্সিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-এর অনুকূলে পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট/ ব্যাংক গ্যারান্টি এর মাধ্যমে প্রদান করা যাইবে। কোন নিলাম দরপত্রের সাথে প্রয়োজনীয় অংকের জামানত দাখিল না করিলে উক্ত নিলাম দরপত্র নন-রেসপনসিভ হিসাবে বিবেচিত হইবে। ব্যর্থ নিলাম দরদাতাদের দরপত্র জামানত যথাশীঘ্র সম্ভব ফেরৎ প্রদান করা হইবে। নিলাম দরপত্র জামানত বাজেয়াপ্ত হইয়া যাইবে যদি

ক) নিলাম দরপত্রের মেয়াদ বহাল থাকা অবস্থায় কোন নিলাম দরদাতা তাহার দরপত্র প্রত্যাহার করেন ; অথবা

খ) ১৪.১ ধারা অনুযায়ী উদ্ধৃত দরের কোন সংশোধন গ্রহণে নিলাম দরদাতা অস্বীকৃতি জানান;

৬। **দরপত্রের মেয়াদ**

নিলাম দরপত্র দাখিলের তারিখ হইতে ৬০(ষাট) দিন পর্যন্ত দরপত্রের মেয়াদ বহাল থাকিতে হইবে। বিশেষ এবং ব্যতিক্রমী পরিস্থিতিতে নিলাম দরদাতা বিক্রেতাকে দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ জানাইতে পারিবেন। এই অনুরোধ এবং এর প্রতি নিলাম দরদাতার সম্মতি অবশ্যই লিখিতভাবে হইতে হইবে। তবে নিলাম দরদাতা নিলাম দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ প্রত্যাখান করিতে পারিবেন। সেক্ষেত্রে দরদাতার দরপত্র জামানত বাজেয়াপ্ত হইবে না।

৭। দরপত্র স্বাক্ষর

নিলাম দরদাতা নিলাম দরপত্রের একটি পরিপূর্ণ কপি দাখিল করিবেন। নিলাম দরপত্রের প্রত্যেক পৃষ্ঠায় নিলাম দরদাতা অথবা তাহার উপযুক্ত প্রতিনিধির স্বাক্ষর ও সীল থাকিতে হইবে । নিলাম দরপত্রে কোনরূপ কাটাকাটি, ঘষামাজা করা হইলে তাহা দরপত্র স্বাক্ষরকারী কর্তৃক অনুস্বাক্ষরিত হইতে হইবে।

নিলাম দরদাতা দরপত্রের সংগে নিম্নবর্ণিত দলিলাদির সত্যায়িত কপিসংযুক্ত করিতে হইবে ।

# দরপত্র দাখিল

| | | |
|---|---|---|
| ০৮। | দরপত্র বন্ধকরণ ও চিহ্নিত করণ | নিলাম দরদাতা দরপত্র একটি খামে মুখ বন্ধ করিবেন এবং খামের উপরে নিলাম দরপত্র লিখিয়া চিহ্নিত করিবেন। খামে ক্রেতার ঠিকানা লিখিতে হইবে এবং খামের উপরে **"দরপত্র খোলা সর্বশেষ সময়সীমার পূর্বে (তারিখঃ ১৭/০৭/২০২৫ খ্রিঃ ও সময় ১১:০৫ ঘটিকা) খোলা যাইবে না"** মর্মে লিখিতে হইবে। |
| ০৯। | দরপত্র দাখিলের সময়সীমা | নিলাম দরপত্র অবশ্যই তারিখঃ ১৭/০৭/২০২৫ খ্রিঃ **ও সময় ১১:০৫ ঘটিকা** বা তার পূর্বে সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, পাটকেলঘাটা, সাতক্ষীরা এ রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে।সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ প্রয়োজন মনে করিলে দরপত্র দলিলের সকল শর্ত অপরিবর্তিত রাখিয়া দরপত্র গ্রহণের সময়সীমা বৃদ্ধি করিতে পারিবেন। |
| ১০। | দেরীতে দাখিলকৃত দরপত্র | বিক্রেতা কর্তৃক নির্ধারিত সময়সীমার পরে দাখিলকৃত সকল দরপত্র বাতিল করা হইবে এবং বন্ধ অবস্থায় দরদাতাকে ফেরৎ প্রদান করা হইবে। |

## বিক্রেতা কর্তৃক দরপত্র খোলা ও মূল্যায়ন

| | | |
|---|---|---|
| ১১। | **বিক্রেতা কর্তৃক দরপত্র খোলা** | নির্ধারিত তারিখ ও সময়ে নিলাম দরদাতাগণের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) বিক্রেতা কর্তৃক দরপত্র সমূহ খোলা হইবে। দরদাতাগণের প্রতিনিধিগণ উপস্থিত থাকিলে অবশ্যই তাঁহারা উপস্থিতি তালিকায় স্বাক্ষর করিবেন। দরপত্র খোলার সময় বিক্রেতা দরদাতার নাম, ঠিকানা, উদ্ধৃত মূল্য, ডিসকাউন্ট (যদি থাকে), দরপত্র জামানতের পরিমাণ এবং বিক্রেতার মতে প্রয়োজনীয় অন্যান্য বিষয় ঘোষনা করিবেন এবং লিপিবদ্ধ করিবেন। ১০ অনুচ্ছেদ অনুযায়ী দেরীতে দাখিলকৃত দরপত্র ব্যতীত দরপত্র খোলার সময় অন্য কোন দরপত্র বাতিল ঘোষনা করা যাইবে না। |

দরদাতার স্বাক্ষর ও সীল

১৩। দরপত্র স্পষ্টায়ন

দরপত্র মূল্যায়নকালে বিক্রেতা প্রয়োজন মনে করিলে যে কোন দরদাতার নিকট তাঁহার দরপত্রের উপর ব্যাখ্যা চাহিতে পারেন। তবে এই ধরণের ব্যাখ্যা এবং তার বিপরীতে সাড়া অবশ্যই লিখিতভাবে হইতে হইবে । **এ ছাড়াও উদ্ধৃত মূল্যের পরিবর্তন অথবা দরপত্রের মূল বিষয়ের উপর কোন ব্যাখ্যা ক্রেতা চাহিতে পারিবেন না অথবা দরদাতা প্রস্তাব করিতে পারিবেন না বা প্রস্তাব করার অনুমতি দেওয়া হইবে না।**

১৪। প্রাথমিক যাচাই বাছাই

১৪.১ বিক্রেতা গৃহীত দরপত্রসমূহ প্রাথমিক যাচাই বাছাইকালে দরপত্র দলিলের শর্তাদি অনুযায়ী দরপত্রসমূহ পূর্ণাঙ্গ কি না , প্রয়োজনীয় দরপত্র জামানত দাখিল করা হইয়াছে কি না, দরপত্র যথাযথভাবে স্বাক্ষরিত কি না, গাণিতিক কোন ভুল আছে কি না ইত্যাদি বিষয়ে নিশ্চিত হইবেন। গাণিতিক কোন ভুল থাকিলে নিম্নোক্তভাবে তা সংশোধন করা হইবে ঃ

উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করিয়া প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে একক মূল্য বহাল থাকিবে এবং সেই অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হইবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকিবে।

১৪.২ দরপত্রে যে কোন ধরণের ছোট খাট ত্রুটি, অনিয়ম ক্রেতা উপযুক্ত মনে করিলে উপেক্ষা করিতে পারেন যদি এ ধরণের ছোট খাট ত্রুটি/অনিয়ম কোন বড় ধরণের বিচ্যুতি হিসাবে বিবেচিত না হয়। বড় ধরণের বিচ্যুতি বলিতে, উদাহরণ স্বরূপ, প্রয়োজনীয় অংকের দরপত্র জামানত দাখিল না করা, দরপত্র ফরম তথা দরপত্রের অন্যান্য প্রয়োজনীয় অংশ নিলাম দরদাতা কর্তৃক স্বাক্ষরিত না হওয়া, মালামাল গ্রহনের নির্ধারিত সময়সীমার মধ্যে দরদাতা কর্তৃক মালামাল গ্রহনের প্রস্তাব না করা ইত্যাদি বুঝাইবে।

১৫। দরপত্র মূল্যায়ন ও তূলনাকরণ

গৃহীত দরপত্রসমূহ ১৪ অনুচ্ছেদ অনুযায়ী যাচাই বাছাইকালে সর্বোতভাবে বিবেচিত রেসপনসিভ দরপত্রসমূহ ক্রেতা মূল্যায়ন ও তুলনা করিবেন।

## কার্যাদেশ প্রদান

| | | |
|---|---|---|
| ১৬। | বিক্রয়াদেশ প্রদানের নির্ণায়ক | ১৭ অনুচ্ছেদ সাপেক্ষে, বিক্রেতা সফল দরদাতা অর্থাৎ যাহার দরপত্র সর্বোতভাবে রেসপনসিভ এবং মূল্যায়িত সর্বোচ্চ নিলাম দরপত্র হিসাবে বিবেচিত হইবে তাহাকে বিক্রয়াদেশ প্রদান করিবেন।<br><br>ক) মূল্যায়িত সর্বোচ্চ দরদাতা-কে বিক্রয়াদেশ প্রদান করা হবে।<br><br>খ) বিক্রয়াদেশ/কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে দর সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ঠ ৭৫% অর্থ নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করতে হবে।<br><br>গ) সরকারী নিয়মানুযায়ী সর্বোচ্চ নিলাম দরদাতাকে মোট উদ্ধৃত দরের ১৫% (… শতাংশ) অর্থ মূল্য সংযোজন কর (ভ্যাট) ও ১০% (দশ শতাংশ) অর্থ উৎসে কর সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করিবে…<br><br>ঘ) নির্দিষ্ট সময়ের মধ্যে বর্ণিত মালামাল সমূহ নিজ খরচে গ্রহণ করিতে হইবে। অন্যথায় দরপত্রের সাথে দাখিলকৃত অগ্রীম জামানত বাবদ প্রদত্ত সমূদয় অর্থ বাজেয়াপ্ত করা হইবে। |
| ১৭। | বিক্রেতার যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ / প্রত্যাখান করার অধিকার | বিক্রয়াদেশ প্রদানের পূর্ব পর্যন্ত বিক্রেতা যে কোন দরপত্র গ্রহণ/ প্রত্যাখান করা অথবা দরপত্র প্রক্রিয়া বাতিল অথবা সকল নিলাম দরপত্র প্রত্যাখান করার অধিকার সংরক্ষণ করেন এবং এ কারণে ক্ষতিগ্রস্থ দরদাতা বা দরদাতাগণের নিকট বিক্রেতার কোন দায়বদ্ধতা সৃষ্টি হইবে না। |
| ১৮। | বিক্রয়াদেশ প্রদান | নিলাম দরপত্রের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বেই বিক্রেতা সফল নিলাম দরদাতাকে লিখিতভাবে বিক্রয়াদেশ প্রদান করিবেন। |
| ১৯। | নিশ্চয়তা কাল | স্পেসিফিকেশন বহির্ভূত কোন কাজ/ক্ষতিসাধন করা হইয়াছে বলে প্রমানিত হইলে দরদাতাকে বিক্রেতার নির্দেশ অনুযায়ী ও নিয়মানুযায়ী প্রতিস্থাপন/ ত্রুটিমুক্ত করিতে হইবে। |
| ২০। | বিলম্বে মালামাল গ্রহণের জরিমানা | যথাসময়ে মালামাল গ্রহন করিতে ব্যর্থ হইলে প্রতি দিন বিলম্বের জন্য বিলম্বে গ্রহণের মালামালের চুক্তি মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে গ্রহনকৃত মালামালের মূল্য হইতে কর্তন করা হইবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হইবে না। |

দরদাতার স্বাক্ষর ও সীল

পরিশিষ্ট ''ব

# দরপত্র ফরম

সিনিয়র জেনারেল ম্যানেজার
সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি
সিপাহীপাড়া,মুন্সিগঞ্জ ।

বিষয়ঃ নিলামের মাধ্যমে প্যাকেজিং কাঠ ক্রয় করন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী(গণ) দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) পুঙ্খানুপুঙ্খ যাচাই পূর্বক(সংশোধন সহ) মালামাল সমূহ গ্রহন বাবদ মোট ............................ (কথায়) ............................................ টাকায় গ্রহন করার প্রস্তাব করিতেছি। আমার/আমাদের দরপত্র গৃহীত হইলে আমি/আমরা উদ্ধৃত সময়সীমার মধ্যে নিলামতব্য মালামালের ১০০% গ্রহন করিতে বাধ্য থাকিব ।

আমার/আমাদের দরপত্র গৃহীত হইলে দরপত্র দলিলের ০৬ নং অনুচ্ছেদে উল্লেখিত সময়ের জন্য উদ্ধৃত দর বৈধ থাকিবে এবং ঐ সময়ের মধ্যে বিক্রয়াদেশ প্রদান করা হইলে বিক্রয়াদেশ অনুযায়ী মালামাল গ্রহণ করিতে বাধ্য থাকিব।

আপনার প্রদত্ত কার্যাদেশ সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি এবং আমাদের মধ্যে চুক্তি হিসাবে গণ্য হইবে।

আমি/আমরা জ্ঞাত আছি যে আপনি সর্বোচ্চ দর অথবা যে কোন দরপত্র গ্রহণে বাধ্য নহেন।

------------------------------------------

দরদাতার স্বাক্ষর (নামযুক্ত সীলসহ)

নাম -------------------
পদবী ----------------
পূর্ণ ঠিকানা / ফোন নং

পরিশিষ্ট "খ"

দরদাতা প্রতিষ্ঠানের নাম

# নিলামতব্য মালামালের স্পেসিফিকেশন

| ক্রমিক নং | মালামালের বিবরণ |
|---|---|
| ০১ | প্যাকেজিং কাঠ যেখানে যে অবস্থায় আছে। |

দরদাতার স্বাক্ষর ও সীল

পরিশিষ্ট "গ"

দরদাতা প্রতিষ্ঠানের নাম

## মালামাল ও মূল্য তালিকা

| ক্রমিক নং | মালামালের বিবরণ | একক | প্রয়োজনীয় পরিমাণ | উদ্ধৃত মূল্য | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | একক মূল্য | | মোট মূল্য |
| ১ | ২ | ৩ | ৪ | (৫) | | ৬= ৪×৫ |
| | | | | অংকে | কথায় | |
| ০১ | প্যাকেজিং কাঠ | কেজি | ৩০০০ | | | |
| | | | | | মোট মূল্য = | |

মোট উদ্ধৃত মূল্য =

কথায় =

দরদাতার স্বাক্ষর ও সীল

পরিশিষ্ট - ‘‘ঘ’’

দরদাতা প্রতিষ্ঠানের নাম

**নিলামতব্য মালামাল গ্রহনের সময়সীমার তালিকা**

| ক্র/ নং | মালামালের বিবরণ | পরিমাণ | গ্রহনের পরিমাণ | গ্রহনের সময়সীমা | যে স্থান হইতে সরবরাহ করা হইবে |
|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | প্যাকেজিং কাঠ | কেজি | ৩০০০ | ১৫ দিন | সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর, পাটকেলঘাটা, সাতক্ষীরা |

নোট : বিক্রয়াদেশ প্রদানের তারিখকে মালামাল গ্রহনের সময়সীমা শুরু হইবার তারিখ হিসাবে গণ্য করা হইবে।

দরদাতার স্বাক্ষর ও সীল